

# ঢাকা কাস্টমস্ হাউসের জন্য প্রযোজ্য

## ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদি

কাস্টমস্ হাউস, ঢাকা কর্তৃক প্রেরিত পত্র (নথি নং : ৫(২০)৪৮/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/২০০৬/৬৪১৭(৪), তাং-১২-০৬-২০১২ও নথি নং : ৫(২০)০১/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/২০১৯/১৪১২৫(৪), তাং-৩০-০৯-২০১৯) অনুসারে নিম্নবর্ণিত দলিলাদি ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্স শাখায় প্রদান করতে হবে।

- (ক) লাইসেন্স নবায়নের জন্য ২০/- টাকার কোর্ট ফি সম্বলিত কোম্পানির লেটার হেড প্যাডে ( যুগ্ম কমিশনার ও সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টমস্ হাউস, ঢাকা এর বরাবরে।) আবেদন পত্র।
- (খ) নবায়ন ফি বাবদ ৳ ১০,০০০/- (দশ হাজার) টাকার ট্রেজারী চালানের মূল কপি। (টি, আর ফরম নং ৬, কোড নংঃ ১-১১৩১-০০০৫-১৮৫৪)
- (গ) লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% পরিশোধিত ভ্যাট এর ট্রেজারী চালানের মূল কপি। (ভ্যাট কোড নং : ১-১১৩৩-০০১৫-০৩১১)
- (ঘ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি।
- (ঙ) হালনাগাদ পরিশোধিত আয়কর সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (চ) লাইসেন্সের বিগত ০৪ (চার) বছর মেয়াদকালের কার্য-সম্পাদনের তালিকা।
- (ছ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র।
- (জ) অফিস ভাড়ার প্রমাণ স্বরূপ পূর্ববর্তী মেয়াদকালের পরিশোধিত ১৫% ভ্যাট এর কপি।
- (ঝ) ডিজিটাল মূসক সনদপত্র-এর সত্যায়িত অনুলিপি।
- (ঞ) বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা)-এর মেম্বারশীপ সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ট) ব্যাংক সলভেন্সি সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ঠ) লাইসেন্সের মূল কপি।
- (ড) Foreign Currency Bank Account- এর ব্যাংক সলভেন্সি সনদপত্র এর সত্যায়িত অনুলিপি।
- (ঢ) নবায়নের আবেদনের সাথে দাখিলকৃত সকল ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।
- (ণ) যদি কোন কোম্পানীর ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স-এর মেয়াদ উত্তীর্ণ হয়ে যায় তাহলে উক্ত কোম্পানীকে লাইসেন্স নবায়নের আবেদনের সাথে সংশ্লিষ্ট বিচারের মাধ্যমে লাইসেন্স নবায়নের জন্য সংশ্লিষ্ট কোম্পানীর লেটার হেড প্যাডে আবেদন করতে হবে। যাহার নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।

লেটার হ্যাড পেড

তারিখ : -----

বরাবর,

অতিরিক্ত কমিশনার ও চেয়ারম্যান  
লাইসেন্সিং অথরিটি  
কাস্টম হাউস, ঢাকা ।

বিষয় :- সংক্ষিপ্ত বিচারের মাধ্যমে ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়ন প্রসঙ্গে ।

জনাব,

যথাবিহীত সন্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমাদের ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নং -----  
-----এর মেয়াদ -----ইং তারিখে শেষ হয় । -----(বিলম্বের  
কারণ) কারণে যথাযথ সময়ে আপনার দপ্তরে নবায়নের জন্য লাইসেন্স জমা প্রদান করতে পারি নাই । মেয়াদ অতিক্রান্তের  
পর -----ইং তারিখে আপনার দপ্তরে সমস্ত দলিলাদিসহ জমা প্রদান করি । এমতাবস্থায় সংক্ষিপ্ত  
বিচারের মাধ্যমে ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স নবায়ন জন্য বিনীত অনুরোধ করছি ।

অতএব, মহোদয়ের নিকট নিবেদন এই যে, আমাদের লাইসেন্স নবায়ন করতঃ ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার সুযোগ  
প্রদান করে বাধিত করিবেন ।

নিবেদক

নাম:  
পদবী:  
কোম্পানীর নাম:  
সিল